# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 JULY 2026** **7:45—7:55 PM**

---

(১) আসাম বিধানসভার ষষ্ঠদিনে বেশকয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে আলোচনা/

(২) রাজ্যে ৫৬ হাজার ৭২৮ জন ডি-ভোটারকে বিদেশী ন্যায়াধিকরণ বিদেশী বলে ঘোষণা করেছে বলে মন্ত্রী পীযূষ হাজারিকার বিধানসভায় প্রকাশ/

(৩) মাইক্রো ফাইনান্সকে উৎসাহিত করা এবং ঋণের ক্ষেত্রে কিছুটা স্বস্তি পাওয়া বিষয়ক প্রকল্পের অধীনে ৩৭টি সংস্থার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে বলে অর্থমন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়ার প্রকাশ/

এবং

(৪) হাইলাকান্দি জেলার মাটিজুরি এলাকায় স্টেট ব্যাংকের কাছে গতকাল গভীর রাতে ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত/ একটি দোকান ভস্মীভূত/

---

আসাম বিধানসভার আজ ষষ্ঠ দিনে ডি-ভোটার সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে । বিধায়ক নুরুল ইসলামের উত্থাপন করা এক প্রশ্নের উত্তরে রাজ্যের গৃহ ও রাজনৈতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার হয়ে মন্ত্রী পীযূষ হাজারিকা বলেন যে- রাজ্যের ভোটার তালিকায় সম্প্রতি ৯১ হাজার ৩৮৫ জনের নামের পাশে ‘ডি’ চিহ্ন লাগানো হয়েছে । রাজ্যে ৫৬ হাজার ৭২৮জন ডি-ভোটারকে বিদেশী ন্যায়াধিকরণের পক্ষ থেকে বিদেশী হিসেবে ঘোষণা করা হয়েছে বলেও মন্ত্রী শ্রী হাজারিকা জানিয়েছেন । তিনি বলেন যে- পরবর্তী পর্যায়ে যারা হাইকোর্টে আবেদন করেছেন, তাদের মধ্যে ৮৩১ জনকে বিদেশী বলে রায় দেওয়া হয়েছে । এছাড়া বিদেশী ন্যায়াধিকরণ ৬৫ হাজার ১৭১জনকে, হাইকোর্ট ৪২ জনকে এবং সুপ্রীমকোর্ট তিনজনকে ভারতীয় নাগরিক বলে ঘোষণা করেছে বলেও তিনি জানিয়েছেন ।

---

আসাম বিধানসভার ষোড়শ অধিবেশনের আজ ষষ্ঠ দিনে হাতি-মানুষের সংঘাতকে নিয়ে আলোচনা হয়েছে । বিধায়ক পদ্ম হাজারিকা ভারত-ভূটান সীমান্তে বন্য হাতির উপদ্রব এবং হাতি-মানুষের সংঘাতকে নিয়ে উত্থাপন করা বিষয়টি সম্পর্কে রাজ্যের বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া বিধানসভায় তথ্য তুলে ধরেন । আগামী বুধবার বিধানসভায় বাজেট আলোচনা হওয়ার পর আসাম বিধানসভার কেন্দ্রীয় কক্ষে রাজ্যের হাতি বানরের উপদ্রব বেশি হওয়া বিধানসভা কেন্দ্রগুলির বিধায়কদের সঙ্গে জরুরি আলোচনা অনুষ্ঠিত হবে বলে শ্রী বড়ুয়া জানিয়েছেন।

এর আগে বিধায়ক হাজারিকা বলেন যে- হাতি-মানুষের সংঘাতের ফলে বিগত তিন বছরে ১২০টি হাতি এবং কমপক্ষে ৩৬৩ জন লোকের মৃত্যু হয়েছে । বনমন্ত্রী সভায় এই সংঘাত দূর করার জন্য হাতির উপযোগী খাদ্য সরবরাহ সহ বিভিন্ন পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন।

অন্যদিকে কলেজগুলিতে চার বছরের স্নাতক পাঠ্যক্রম সম্পর্কে আজ সভায় আলোচনা হয়েছে ।

---

আসাম বিধানসভার ষোড়শ অধিবেশনের আজকের দিনে মহিলাদের মাইক্রোফাইনান্স ঋণ সম্পর্কে আলোচনা করা হয় । রাইজর দলের বিধায়ক অখিল গগৈর মহিলাদের মাইক্রোফাইনান্স ঋণ সম্পর্কে উত্থাপিত বিষয়ে অর্থমন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া বিস্তারিত জানান । মন্ত্রী বলেন যে যেকোন ব্যাঙ্ক একজন মহিলাকে মাইক্রোফাইনান্সের ঋণ এক লক্ষ ২৫ হাজারের বেশী দিতে পারবে না । মাইক্রোফাইনান্সকে উৎসাহিত করা ও ঋণ রেহাই সংক্রান্ত প্রকল্পের অধীনে ২০২১ সালে ৩৭ টি ঋণ প্রদানকারী সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর করে ঋণ রেহাই দেওয়া সহ বিভিন্ন ব্যাবস্থা গ্রহণ করে আসছে বলে মন্ত্রী সভায় জানান । এসম্পর্কে অর্থমন্ত্রী বলেন ----

বাইট

চলতি বছরে রাজ্যে কল্যাণমূলক প্রকল্পের অধীনে ৬০০ কোটি টাকা মঞ্জুর করা হবে বলে অর্থমন্ত্রী জানান ।

---

আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের ২০২৬-২৭ শিক্ষাবর্ষের স্নাতক পাঠ্যক্রমের নামভর্তির জন্য সাধারণ প্রবেশ পরীক্ষা আগামী ১৮ জুলাই অনুষ্ঠিত হবে । এই পরীক্ষা শিলচর

,গৌহাটী, যোরহাট ,তেজপুর ,কোকরাঝার সহ রাজ্যের মোট ১৮টি কেন্দ্রে তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । আবেদনকারীরা তাঁদের প্রবেশপত্রসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ডব্লু ডব্লু ডব্লু ডট এ এ ইউ ডট এসি ডট ইন থেকে ডাউনলোড করতে পারবেন । বিশ্ববিদ্যালয়ের পঞ্জীয়ক দামোদর বর্মণ দ্বারা স্বাক্ষরিত এক প্রেস বার্তার মাধ্যমে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছেন যে বিশেষ কারিগরী কারণে গৌহাটীর রাণীর পাটগাঁওয়ে অবস্থিত কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্য মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা কেন্দ্রটি খানাপারার রেশম নগরের বড়োল্যান্ড অতিথিশালার নিকটে কৃষ্ণকান্ত সন্দিকৈ রাজ্য মুক্ত বিশ্ববিদ্যালয় কেন্দ্রে স্থানান্তর করা হয়েছে । আবেদনকারীদের পুনরায় উপলব্ধ প্রবেশপত্র কৃষি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে আহ্বান জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার মাটিজুরি এলাকায় স্টেট ব্যাংকের কাছে গতকাল গভীর রাতে ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত হয়েছে । গতরাত্রে আনুমানিক প্রায় তিনটে নাগাদ একটি জুতোর দোকানে আগুনের সূত্রপাত হয় । স্থানীয় সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- স্টেট ব্যাংক সংলগ্ন ওই জুতোর দোকান থেকে প্রথমে পাশের একটি বাড়ির বাসিন্দারা আগুন ও ধোঁয়া দেখতে পান । সঙ্গে সঙ্গে আশপাশের লোকজনকে জানালে তারা দমকলকে খবর দেন । খবর পেয়ে দমকল বাহিনী দ্রুত ঘটনাস্থলে ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে আনার কাজ শুরু করে । দীর্ঘসময়ের প্রচেষ্টার পর আগুন নিয়ন্ত্রণে আনা সম্ভব হয় । তবে ততক্ষণে জুতোর দোকানটি প্রায় ভস্মীভূত হয়ে যায় । আগুনের তীব্রতায় আশপাশের কয়েকটি দোকানও ক্ষতিগ্রস্ত হয়েছে । বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত বলে স্থানীয়রা ধারণা করলেও অগ্নিকান্ডের প্রকৃত কারণ জানার জন্য তদন্ত শুরু হয়েছে । এই ঘটনায় কয়েক লক্ষ টাকার ক্ষয়ক্ষতির সম্ভাবনার কথা প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

শিলচর শহরের পনেরোটি সামাজিক সংগঠনের যৌথ উদ্যোগে আজ সকাল সাড়ে দশটায় শহরের সাউথ সিটি হাসপাতালের সামনে এক প্রতিবাদী জনসমাবেশের আয়োজন করা হয়েছে । মেহেরপুর এলাকার ভাঙা রাস্তা, ওই এলাকায় দীর্ঘদিনের যানজট, ট্রাফিক পুলিশের অভাব, অবৈধ পার্কিং এবং রাস্তায় জমাজলের সমস্যার অভিযোগ করে এর প্রতিবাদে আয়োজিত এই কার্যসূচিতে বিভিন্ন বক্তা এসব সমস্যা নিয়ে বক্তব্য রাখেন । তারা এসব সমস্যা সমাধানের জন্য জেলা প্রশাসনের কাছে আগামী শুক্রবার পর্যন্ত সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে । নির্ধারিত সময়ে তাদে দাবি

পূরণ না হলে আগামী শনিবার থেকে আন্দোলন কার্যসূচি পালন করা হবে বলে প্রতিবাদকারীরা আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন । সমাবেশে উপস্থিত নাগরিকরা এই ব্যস্ত সড়কগুলি দ্রুত সংস্কার করে অবৈধ পার্কিং নিয়ন্ত্রণ এবং নিরাপদ ও স্বাভাবিক যানচলাচলের ব্যবস্থা করতে অবিলম্বে প্রশাসনের হস্তক্ষেপ দাবি করেছেন ।

---------------------------------------------------------------------------------------

মাদকমুক্ত কাছাড় গড়ার লক্ষ্যে সমন্বিত কৌশল নির্ধারণের জন্য আজ কাছাড়ের জেলা আয়ুক্ত রাহুল কুমার গুপ্তার পৌরহিত্যে মাসিক জেলাস্তরীয় এনকোর্ড ( নার্কো সমন্বয় কেন্দ্র) পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে জেলায় মাদক বিরোধী উদ্যোগ , আইন প্রয়োগ ব্যাবস্থা ,পুনর্বাসন কার্যসূচী এবং সচেতনতা কার্যসূচী নিয়ে পর্যালোচনা করা হয় । এছাড়া বৈঠকে সাম্প্রতিক মাদক দ্রব্য জব্দ করার পরিসংখ্যান , পূর্বের বৈঠকগুলিতে গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি ,নেশামুক্তি ও পুনর্বাসন কেন্দ্র পরিদর্শন ,ওষুধের দোকানগুলিতে বিধি মেনে চলার বিষয়টি যাচাই ইত্যাদি বিষয়গুলি খতিয়ে দেখা হয় ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা উন্নয়ন সমন্বয় ও পর্যবেক্ষন কমিটির এক সভা আজ জেলা আয়ুক্তের কার্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে । করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালাহ-র পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি , পরিকাঠামো উন্নয়ন এবং কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , বিধায়ক জাকারিয়া আহমেদ , ভারতীয় জনতা পার্টির জেলা সভাপতি সঞ্জীব বণিক সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারীকরা উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে পরিচালিত দূর শিক্ষাকেন্দ্রের এক বছরের বাংলা ভাষা ডিপ্লোমা পাঠ্যক্রমে চলতি শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া শুরু হয়েছে । এ সম্পর্কিত বিজ্ঞপ্তী আগামী দোসরা আগষ্ট বরাক বঙ্গের ওয়েব সাইটে প্রকাশিত হবে । ভর্তির জন্য অনলাইন রেজিষ্ট্রেশন আগামী তেসোরা আগষ্ট থেকে ১৬ই আগষ্ট পর্য্যন্ত চালু থাকবে । ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য , নির্দেশাবলী এবং পরবর্তী আপডেট জানতে ছাত্র-ছাত্রীদের বরাক বঙ্গের ওয়েব সাইটে নজর রাখতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার অন্যতম প্রাচীন ব্যাঙ্ক এপেক্স ব্যাঙ্ক আজ পৌরসভা কার্যলয়ের সামনে প্রথম এ টি এম পরিষেবা চালু করেছে । হাইলাকান্দি পৌরসভার সভাপতি

মানব চক্রবর্তী নতুন এ টি এম পরিষেবার উদ্বোধন করেন । অনুষ্ঠানে হাইলাকান্দি শাখার ব্রাঞ্চ ম্যানেজার হারাধন দাস , লালা শাখার ব্রাঞ্চ ম্যানেজার বিপুল কান্তি সিনহা প্রমূখ উপস্থিত ছিলেন । ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানিয়েছে , গ্রাহকদের আরো উন্নত ও আধুনিক ব্যাঙ্কিং পরিষেবা প্রদান করার লক্ষ্যেই এ  টি এম চালু করা হয়েছে । ভবিষ্যতে গ্রাহকদের সুবির্ধাথে আরো নতুন পরিষেবা শুরু করা হবে বলে এপেক্স ব্যাঙ্ক কর্তৃপক্ষ জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতায় আগামী বুধবার অনুষ্ঠেয় প্রথম সেমি ফাইনালে ফ্রান্স স্পেনের বিরুদ্ধে অবতীর্ণ হবে । খেলাটি ভারতীয় সময় অনুসারে রাত সাড়ে ১২ টায় আরম্ভ হবে । প্রতিযোগীতার দ্বিতীয় সেমিফাইনালে আগামী বৃহস্পতিবার আর্জেন্টিনা ও ইংল্যান্ড পরস্পরের মুখোমুখি হবে । খেলাটি ভারতীয় সময় অনুসারে রাত সাড়ে ১২ টায় আরম্ভ হবে । সেমিফাইনালে বিজয়ী উভয় দল আগামী ২০ শে জুলাই নিউইয়র্কের নিউজার্সি ষ্টেডিয়ামে অনুষ্ঠেয় ফিফা বিশ্বকাপ ফুটবল প্রতিযোগীতার ফাইনালে অবতীর্ণ হবে । অন্যদিকে সেমিফাইনালে পরাজিত দুটি দল ১৯ জুলাই মায়ামিতে তৃতীয় স্থানের জন্য প্লে অফের খেলায় অবতীর্ণ হবে ।

--------------------------------------------------------------------------------